# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 06-07-2026** **Time: 1.40 PM**

---

রাজনীতিবিদ, শিক্ষাবিদ, ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির ১২৫-তম জন্ম বার্ষিকী, আজ রাজ্য জুড়ে যথোচিত মর্যাদায় উদযাপিত হচ্ছে। স্বাধীন ভারতের প্রথম শিল্পমন্ত্রী ও জনসংঘের প্রতিষ্ঠাতা শ্যামাপ্রসাদ মুখার্জির জন্মদিনে রাজ্য সরকার, আজ ছুটি ঘোষণা করেছে। জেলা, মহকুমা, ব্লক ও পুরসভা স্তরে এই উপলক্ষ্যে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ভবানীপুরে মিত্র ইনস্টিটিউশনে এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, পশ্চিমবঙ্গ গঠন, দেশপ্রেম এবং বিভিন্ন ক্ষেত্রে শ্যামাপ্রসাদ মুখার্জির অবদান, বর্তমান ও আগামী প্রজন্মের কাছে তুলে ধরতে বর্তমান সরকার প্রতিশ্রুতিবদ্ধ। বিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত পাঠ্যপুস্তকে এই ইতিহাস অন্তর্ভুক্ত হওয়া উচিত বলে মন্তব্য করেন মুখ্যমন্ত্রী।

তিনি মিত্র ইনস্টিটিউশনের সংস্কারে পঁচিশ লক্ষ টাকা অর্থ সাহায্যের কথা ঘোষণা করেন। ভবানীপুরের বিধায়ক হিসেবে তাঁর এলাকা উন্নয়ন তহবিল থেকেইএই আর্থিক সহায়তা প্রদান করা হবে। মুখ্যমন্ত্রী, পিএমশ্রী প্রকল্প ও অটল বিহারী বাজপেয়ীর নামে যে প্রকল্প রয়েছে তার মধ্যে এই বিদ্যালয়কে অন্তর্ভুক্ত করার জন্য শিক্ষা মন্ত্রী ও তার দপ্তরকে নির্দেশ দিয়েছেন।

মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, বাম এবং তৃণমূল কংগ্রেস সরকার শ্যামাপ্রসাদকে ভুলিয়ে দিতে চেয়েছিল। কিন্তু বর্তমান সরকার সেই বিস্মৃত ইতিহাস সকলের সামনে

তুলে ধরতে প্রতিশ্রুতিবদ্ধ। কলকাতার **মুরলীধর সেন লেনে** ভারতীয় জনতা পার্টির রাজ্য সদর দফতরে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, পশ্চিমবঙ্গের বর্তমান সরকার পরিচালিত হবে ডক্টর শ্যামাপ্রসাদ মুখার্জির চিন্তাধারা এবং স্বামী প্রণবানন্দের আদর্শ অনুসরণ করেই।

বাইট শুভেন্দু

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, রাজ্যসভার সানহসদ রাহুল সিন্‌হা, বিজেপির সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায়, প্রমুখ।

দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, মুরলীধর সেন লেনে শ্যামাপ্রসাদ মুখার্জির মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জানান।

এর আগে মুখ্যমন্ত্রী কলকাতার রেড রোডে শ্যামাপ্রসাদ মুখার্জির মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। উপস্থিত ছিলেন হরিয়ানার রাজ্যপাল অসীম কুমার ঘোষ।

----------------------

শ্যামাপ্রসাদ মুখার্জীর জন্মদিন উপলক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিত আজ রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বিকেলে কলকাতা পৌঁছে নিউটাউনের ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখার্জীর ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমিপূজো অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। এরপর ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখার্জীর পৈত্রিক বাসভবনে তাঁর প্রতি শ্রদ্ধা জানাবেন শ্রী শাহ। সন্ধ্যায় বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানেও যোগ দেওয়ার কর্মসূচী রয়েছে তাঁর।

----------------------

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামের মাইকেল নগরে আজ শ্যামাপ্রসাদ মুখার্জির আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করেন। স্কুল পড়ুয়াদের শ্যামাপ্রসাদ মুখার্জি সম্পর্কে অবগত করার ওপর জোর দেন তিনি।

বাইট

----------------------

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরের সূর্যপুরে পুকুর থেকে নাবালিকার দেহ উদ্ধারের ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত আনন্দ সরকারকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে এই ঘটনায় ধৃতের সংখ্যা বেড়ে হল তিন। আরও তিনজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। শান্তি বজায় রাখতে, বারুইপুর, নরেন্দ্রপুর এবং সোনারপুর থানা এলাকায় জারি করা হয়েছে ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারা। ঘটনাস্থলে মোতায়েন রয়েছে, বিশাল পুলিশ বাহিনী। ওই নাবালিকাকে ধর্ষণের পর খুন করা হয়েছে বলে পরিবারের অভিযোগ। ঘটনার তদন্তে ছয় সদস্যের সিট গঠন করেছে পুলিশ। দলে রয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার, SDPO, বারুইপুর থানার IC প্রমুখ। ময়নাতদন্তের পর গতরাতেই দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

আগেই জানানো হয়েছে, গত শনিবার থেকে নিখোঁজ ওই নাবালিকার দেহ, গতকাল বাড়ির অদূরে একটি পুকুর থেকে উদ্ধার হয়। এরপরই স্থানীয়দের প্রতিবাদ বিক্ষোভে গোটা এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। ক্ষুব্ধ এলাকাবাসী ও পরিবারের সদস্যরা দেহ আটকে রেখে রাস্তা অবরোধ করেন। গণপিটুনিতে এক সন্দেহভাজনের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। ঘটনাস্থলে পুলিশ পৌঁছলে, বিক্ষুব্ধ জনতা তাঁদের ওপরেও চড়াও হয় বলে অভিযোগ। নাবিলিকার দেহ উদ্ধার, গণপিটুনিতে এক ব্যক্তির মৃত্যু ও পুলিশের ওপর হামলার ঘটনায় তিনটি পৃথক মামলা রুজু হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, মৃতার বাবার সঙ্গে ফোনে কথা বলে এই ঘটনায় যথাযথ ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন। আগামীকাল নাবালিকার বাবাকে ভবানীভবনেও যেতে বলেছেন তিনি।

---------------------

পশ্চিমবঙ্গের তিনটি রাজ্যসভা আসনে উপনির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে নির্বাচন কমিশন। আজ ওক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আগামী ২৪ জুলাই ঐ তিনটি আসনে উপনির্বাচন হবে। বিধানসভা ভোটে তৃণমূল কংগ্রেসের পরাজয়ের পর দলের ভাঙন ক্রমশ স্পষ্ট হয়েছে। বিধানসভার পরিষদীয় এবং লোকসভায় সংসদীয় দল ভেঙেছে। রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের তিন সাংসদ সুখেন্দু শেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইক ইস্তফা দিয়েছেন। এর ফলে এই আসনগুলি শূন্য হয়।

উপনির্বাচনের বিজ্ঞপ্তি জারি হবে আগামীকাল। মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ১৪ জুলাই, পকদিন জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা বিরীক্ষা করা হবে। প্রা৪থীপদজ প্রত্যাহারের শেষ দিন ১৭ জুলাই। ২৪ জুলাই সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত ভোট নেওয়া হবে। ঐ দিনই বিকেল ৫টা থেকে ভোটগণনা।

২৭ জুলাইয়ের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে কমিশন।

--------------------- ---------------------